

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 01-01-2026

Time : 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

NEW YEAR -2026 :

শুরু হলো ইংরেজি নববর্ষ ২০২৬। বিদায় নিল ২০২৫ | গতকাল মধ্য রাতে বাজি পুড়িয়ে আনন্দ উল্লাসের মধ্যে দিয়ে নতুন বছরকে স্বাগত জানান রাজ্যবাসী। রাজধানী আগরতলাসহ রাজ্যের সর্বত্র এই উপলক্ষ্যে নানা অনুষ্ঠান হয়। ইংরেজি নববর্ষ উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঙ্কার মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। তিনি নতুন বছরে রাজ্যবাসীর সুখ ও সমৃদ্ধি কামনা করেছেন।

Weather

নতুন ইংরেজি বছরের প্রথম দিনেই এই মরশ্মের শীতলতম দিনের রেকর্ড হলো। আবহাওয়া দপ্তর জানিয়েছে আগরতলা বিমান বন্দরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৯ দশমিক ৯৮ ডিগ্রী সেলসিয়াস। গতকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ১৭ দশমিক ৫ ডিগ্রী সেলসিয়াস। পূর্বাভাসে জানানো হয়েছে আজ আকাশ আংশিক মেঘলা থাকবে। আজ রাত থেকে আগামীকাল সকালে পশ্চিম জেলা, খোয়াই, সিপাহীজলা, গোমতী, ধলাই ও দক্ষিণ ত্রিপুরা জেলার কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার সন্দেশ রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ১৯ ডিগ্রি এবং আগামীকাল সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলা প্রজ্ঞা ভবনে রাজ্যভিত্তিক "মুখ্যমন্ত্রী নিরাময় আরোগ্য অভিযানের" সূচনা করেন। তিনি বলেন অসংক্রমণ রোগ সম্পর্কে মানুষকে সচেতন করার পাশাপাশি এই সমস্ত রোগীদের রোগ সম্পর্কে প্রতিনিয়ত খোঁজখবর নেওয়া জরুরী। আগে থেকে সচেতন হলে সঠিক চিকিৎসার মাধ্যমে রোগ নির্ণয় করা সম্ভব। এক্ষেত্রে জীবনশৈলীর পরিবর্তন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্যের চিকিৎসার সাফল্যের পাশাপাশি বিভিন্ন প্রকল্পের সঠিক বাস্তবায়নের সফল চিত্র তুলে ধরেন। মুখ্যমন্ত্রী নিরাময় আরোগ্য অভিযানের পাশাপাশি টি.বি. রোগ সংক্রান্ত বিষয় জ্ঞান বাড়ানোর জন্য এ.আই. পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম এর সূচনা করেন।

এই অভিযানের প্রথম পর্যায় চলবে ১৪ জানুয়ারি পর্যন্ত দ্বিতীয় পর্যায় শুরু হবে পঞ্চাশ জুলাই। তিনি বছরে রাজ্যের প্রায় সাড়ে ১৪ লক্ষ মানুষকে এই অভিযানের আওতায় আনার লক্ষ্যমাত্রা নেয়া হয়েছে।

IMD :

ভারত আবহাওয়া বিজ্ঞান দপ্তর বা আই এম ডি, ত্রিপুরায় তাদের দ্বিতীয় ডপলার রাডার স্থাপন করবে। এর জন্য রাজ্য সরকার, শুন্য দশমিক ২২ একর জমি দেবে। গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার উপস্থিতিতে এই জমি প্রদানের বিষয়ে রাজস্ব সচিব বৃজেশ পাণ্ডে এবং আবহাওয়া দপ্তর-এর মহা নির্দেশক ডঃ মৃত্যুঞ্জয় মহাপাত্রের মধ্যে এক সমঝোতা-পত্র স্বাক্ষরিত হয়। মহাকরনে সাংবাদিক সম্মেলনে ডঃ মহাপাত্র একথা জানিয়ে বলেন, দক্ষিণ ত্রিপুরার বিলোনিয়ায় এই ডপলার রাডার ও একটি ওয়েদার স্টেশন স্থাপন করা

হবে। ত্রিপুরায় আবহাওয়া পূর্বাভাসসহ আরও ভালো তথ্য আদান প্রদানের উদ্দেশ্যে এই ওয়েবের স্টেশন স্থাপন করা হবে।

CBSE :

সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন - CBSE, দশম এবং দ্বাদশ শ্রেণীর বোর্ড পরীক্ষার পরিবর্তিত তারিখ ঘোষণা করেছে। CBSE জানিয়েছে, দশম শ্রেণীর বোর্ড পরীক্ষা, আগামী বছরের তেসরা মার্চের পরিবর্তে ১১ই মার্চ থেকে শুরু হবে। দ্বাদশ শ্রেণীর বোর্ড পরীক্ষা তেসরা মার্চের পরিবর্তে শুরু হবে ১০ই এপ্রিল থেকে। বোর্ড জানিয়েছে, প্রশাসনিক কারণে এই পরিবর্তন করা হয়েছে। স্কুলগুলিকে সংশ্লিষ্ট সব শিক্ষার্থী এবং অভিভাবকদের কাছে এই তথ্য পৌঁছে দিতে বলেছে সি বি এস ই।

Mukhyamantri Samipeshu :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সরকারী বাসভবনে গতকাল মুখ্যমন্ত্রী সমীপেষুর আরেকটি পর্ব অনুষ্ঠিত হয়। এই পর্বে মুখ্যমন্ত্রী রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আসা জনগণের কথা শুনে তাঁদের সমস্যা সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ

Traffic unit Special Raid :

নাবালক বাইক ও গাড়ি চালকদের অভিভাবকদের বিরুদ্ধে আইনত ব্যবস্থা নিতে বিশেষ অভিযান শুরু করেছে ট্রাফিক পুলিশ। রাজ্য পুলিশের মুখ্য জনসংযোগ আধিকারিক রাজদীপ দেব জানান, গত ২৪শে ডিসেম্বর থেকে এই

অভিযান চলবে আগামী ১০ জানুয়ারি পর্যন্ত। অভিযানে এখন পর্যন্ত পাঁচজন নাবালক বাইক চালককে আটক করা হয়েছে।

BIRTH DAY OF ADDAITA MALLA BARMAN:

যথা যোগ্য মর্যাদায় গতকাল গোমাতি জেলায় অদ্বৈত মল্ল বর্মণের ১১২ তম জন্ম জয়ন্তী উদযাপন করা হয়। অমরপুর নগর পঞ্চায়েত ও মহকুমা প্রশাসনের যৌথ উদ্যোগে নগর পঞ্চায়েত প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, অমরপুর নগর পঞ্চায়েত চেয়ারম্যান বিকাশ সাহা, পঞ্চায়েত সমিতির চেয়ার পার্সন সুচিং দাস, প্রমুখ। এছাড়া অমরপুর আনন্দ ধারা হলে বসে আকে প্রতিযোগিতার আয়োজন করা হয়।

Proloy (DRDO):

প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থা (ডি.আর.ডি.ও) গতকাল ওড়িশা উপকূল থেকে পরপর দুটি 'প্রলয়' ক্ষেপণাস্ত্রের সফল উৎক্ষেপণ করেছে। ভারতীয় বিমানবাহিনী ও ভারতীয় সেনাবাহিনীর কর্মকর্তা এবং বিভিন্ন

শিল্প সংস্থার প্রতিনিধিরা এটি প্রত্যক্ষ করেছেন। 'প্রলয়' দেশীয় প্রযুক্তিতে তৈরী একটি ভূমি থেকে ভূমিতে নিষ্কেপযোগ্য, স্বল্প-পাল্লার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র যার আঘাতের পরিসীমা ১৫০ থেকে ৫০০ কিলোমিটার।

BIJAY MARCHENT

বিজয় মার্চেন্ট ট্রফি অনুধর্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলায় ত্রিপুরা তামিলনাড়ুর কাছে ইনিংস ও ১১৪ রানে পরাজিত হয়েছে কর্ণাটকের শিমোগার কে এস সি এ মাঠে শেষদিনের খেলায় গতকাল রাজ্যদল দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে মাত্র ১৫৩ রান করতে সক্ষম হয়। এর আগে রাজ্যদলের প্রথম ইনিংসের ৭৮ রানের জবাবে তামিলনাড়ু ৮ উইকেটে ৩৪৫ রানে প্রথম ইনিংসের সমাপ্তির ঘোষনা দিয়েছিল।
